

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মন্ত্রণালয়

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০. ৫৭৪.২০১৭- ২৬২

তারিখ ৫ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ
১৮ জানুয়ারি ২০১৮ খ্রিষ্টাব্দ


বিষয়ঃ রীট পিটিশন নং-১৪১২২/২০১৭। পিটিশনার মিসেস মাছুদা বেগম, মামী- আবদুর রহিম, ফ্লাট নং. বি-৪. ১২৯, শান্তিনগর, থানা-পল্টন, জেলা-ঢাকা বনাম সরকার ও অন্যান্য। এর দফাওয়ারী জবাব প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ সহকারী রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগ হতে ২৬.১২.২০১৭ খ্রিঃ তারিখে প্রেরিত রুলের কপি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, ১৯৮৬ সনের মিউনিসিপ্যাল কর্পোরেশন (ট্যাক্সেশন) রুলের ২৪ (২) ধারা অনুযায়ী ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের রাজস্ব বিভাগের অঞ্চল-২ শাখার ২৪.৯.২০১৭ তারিখের ৪৫৮২ নং স্মারকে জারিকৃত হোল্ডিং ট্যাক্স নোটিশকে চ্যালেঞ্জ করে স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়সহ ৫ (পাঁচ) জনকে প্রতিপক্ষ করে এই রীটটি দায়ের করা হয়েছে। হাইকোর্ট বিভাগ শুনানী অন্তে তর্কিত নোটিশ কেন আইনগত কর্তৃত্ব বহির্ভূত ঘোষণা করা হবে না সে মর্মে প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশ দিয়েছেন। বিজ্ঞ আদালত উক্ত নোটিশের কার্যকারিতা আদেশের তারিখ থেকে ৪ (চার) মাসের জন্য স্থগিত করেছেন। রীট পিটিশন নং ১৪১২২/২০১৭ এ প্রতিদ্বন্দ্বিতার জন্য দফাওয়ারী জবাব আবশ্যিক।

২। এমতাবস্থায়, বিজ্ঞ আদালতের আদেশ মোতাবেক কার্যক্রম গ্রহণ করতঃ ঘটনার প্রকৃত বিবরণীসহ দফাওয়ারী জবাব, প্রতিপক্ষের বক্তব্য ও আনুষঙ্গিক কাগজপত্রাদি সত্যায়িত সহকারে ২ (দুই) সেট নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে বিজ্ঞ আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত : ----- ফর্দ।


(মুহাম্মদ আনোয়ার পাশা)

উপসচিব

☎ ৯৫৪০৯৯৫

E mail: dslaw1.lgd.gov@gmail.com

প্রধান নির্বাহী কর্মকর্তা
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপিঃ

- ১। যুগ্মসচিব (নগর উন্নয়ন-১, স্থানীয় সরকার বিভাগ)।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে আপলোড করার জন্য)।
- ৪। অফিস কপি/মাষ্টার কপি।